



জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বা/এ, ঢাকা।

www.jb.com.bd

নিয়োগ সংক্রান্ত সতর্কতামূলক বিজ্ঞপ্তি

(সর্বসাধারণের অবগতির জন্য)

গত ২৩.১১.২০২২ তারিখে সামাজিক মাধ্যম, ফেসবুক ও মেসেঞ্জারের কতিপয় গ্রুপে জনতা ব্যাংক লিমিটেড এ 'অফিস সহায়ক' পদে নিয়োগের জন্য ২৮.০৮.২০২২ তারিখে ইস্যুকৃত ভিত্তিহীন একটি 'EMPLOYMENT OFFER' ভাইরাল হয়। একটি সংঘবদ্ধ প্রতারক চক্র পূর্বেও বিভিন্ন জাতীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকায় সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকে পিয়ন, টি-বয়, সিকিউরিটি গার্ড, নাইট গার্ড, গানম্যানসহ বিভিন্ন পদে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল কিন্তু এ সকল পদে নিয়োগের জন্য জনতা ব্যাংক লিমিটেড কোনো বিজ্ঞপ্তি প্রকাশ বা 'EMPLOYMENT OFFER' ইস্যু করেনি। সম্প্রতি ভাইরালকৃত 'EMPLOYMENT OFFER' সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন। প্রকৃতপক্ষে এ ধরনের বিভ্রান্তিমূলক নিয়োগ বিজ্ঞপ্তি বা অফার লেটারের সাথে জনতা ব্যাংক লিমিটেড এর কোনো সংশ্লিষ্টতা নেই। প্রতারক চক্র জনতা ব্যাংকের নাম ব্যবহার করে দেশের সাধারণ জনগণকে প্রতারিত করার কাজে লিপ্ত রয়েছে। সুতরাং এ ধরনের অসত্য ও ভিত্তিহীন নিয়োগ বিজ্ঞপ্তি/ 'EMPLOYMENT OFFER' দেখে কেউ যেন প্রতারিত না হন এ ব্যাপারে সকলকে সতর্ক থাকার অনুরোধসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটলে তা অনতিবিলম্বে হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্টকে অবহিত করার নির্দেশ প্রদান করা যাচ্ছে।

উপমহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

জনতা ব্যাংক লিমিটেড

টেলিফোন নম্বর: +৮৮০২-২২৩৩৫০৬৬৬